

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd



নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০৩.২০১৯.৩৮৮


তারিখ: ০৬ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
২১ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: “জনবল কাঠামোর প্যাটার্ন বহির্ভূত পদে, নিয়োগের শর্ত ব্যত্যয়পূর্বক নিয়োগকৃত এবং জনবল কাঠামো ও প্রাসঙ্গিক বিধি-বিধান প্রতিপালন না করা ব্যক্তিবর্গ” কে এমপিও প্রদানের সাথে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩৪.০০২.২২.২৭১, তারিখ: ২০.০৬.২০২২খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জনবল কাঠামো এমপিও নীতিমালা ২০২১ এর ১১.৪ এবং ১১.৫ মোতাবেক বেসরকারি কলেজে এমপিওভুক্ত প্রভাষকবৃন্দের মধ্যে যাদের এমপিওভুক্তির বয়স ১৬ বছর পূর্ণ হয়েছে তাদের মধ্যে নিয়োগকালীন জনবল কাঠামোর প্যাটার্ন বহির্ভূত পদে, নিয়োগের শর্ত ব্যত্যয় পূর্বক নিয়োগকৃত এবং জনবল কাঠামোর ও অন্যান্য প্রাসঙ্গিক বিধি বিধান প্রতিপালন না করা ব্যক্তিবর্গের জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপকের স্কেল প্রদান করা যাবে কি না এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা কামনা করে পত্র প্রেরণ করা হয়েছে।

২.০ এমতাবস্থায়, শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে “জনবল কাঠামোর প্যাটার্ন বহির্ভূত পদে, নিয়োগের শর্ত ব্যত্যয়পূর্বক নিয়োগকৃত এবং জনবল কাঠামো ও প্রাসঙ্গিক বিধি-বিধান প্রতিপালন না করা ব্যক্তিবর্গ” কে এমপিও প্রদানের সাথে জড়িত কর্মরত ব্যক্তিদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ এবং চাকরি থেকে অবসর গ্রহণকারী ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: মিজানুর রহমান)
উপসচিব
ফোন: ৯৫৪০৫১৭
ই-মেইল: ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,----- অঞ্চল (সকল)।
৫. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,-----অঞ্চল (সকল)।
৬. জেলা শিক্ষা অফিসার, (সকল)।
৭. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার,..... (সকল)।
৮. অফিস কপি।